ভোরের কাগজ

তারিখ ... 11 DEC 1998 ...
পৃষ্ঠা: ১৮ কলাম ... ৬ ......

# সাড়া ফেলেছে 'শিশু বিশ্বকোষ'

**কাগজ প্রতিবেদক :** ঢাকা বইমেলা আর আছে মাত্র চারদিন। বিজয় দিবসের আগের দিন শেষ হয়ে যাবে জমজমাট এই মেলা। প্রকাশকরা মেলার সময় আরো একদিন বাড়ানোর পক্ষে। তাদের যুক্তি ১৬ ডিসেম্বর ছুটির দিন থাকায় প্রচুর দর্শক আসবে। বইয়ের বিক্রিও হবে বেশি। আয়োজক জাতীয় গ্রন্থ কেন্দ্রও এ যুক্তির সঙ্গে একমত। কিন্তু গতকাল বৃহস্পতিবার পর্যন্ত জানা যায় যে, মেলার সময় আদৌ বাড়ছে কিনা। জাতীয় গ্রন্থ কেন্দ্রের একটি সূত্র জানায়, মেলার সময় বাড়ানোর ঘোষণা শেষ দিকে দেওয়া হতে পারে।

'শিশু বিশ্বকোষ' প্রকাশিত হয়েছে শিশু একাডেমী থেকে। চারদিন আগে মেলায় আসা বইটি নিয়ে শিশু-কিশোর এবং তাদের অভিভাবকদের মধ্যে ব্যাপক উৎসাহ লক্ষ্য করা গেছে। শিশু একামেডীর স্টলে খোঁজ নিয়ে জানা গেছে, গত দুদিনে বেশ কিছু বিশ্বকোষ বিক্রি হয়েছে। বাংলা বর্ণমালার ক্রমানুসারে সাজানো বইটিতে মানববিদ্যা, সমাজবিজ্ঞান, বিজ্ঞান ও প্রযুক্তিসহ চেনাজানা পৃথিবীর সবকিছুই রয়েছে। ৫ খণ্ডের বিশ্বকোষের দাম ১ হাজার ১০০ টাকা। মেলায় পাওয়া যাচ্ছে মাত্র ৮৮০ টাকায়।

মাওলা ব্রাদার্স থেকে সিলেটের আদিবাসী সম্প্রদায়ের ওপর তথ্যবহুল একটি বই বের হয়েছে। বইটির নাম 'সিলেটের নিঃস্ব আদিবাসী', লিখেছেন ড. রতন লাল চক্রবর্তী। মেলায় এসেছে মহাদেব সাহার নতুন কবিতার বই 'বহুদিন ভালবাসাহীন', প্রকাশিত হয়েছে বিশ্ব সাহিত্য ভবন থেকে। সময় প্রকাশনী মেলায় নিয়ে এসেছে পর্যটনের ওপর বই আমির হোসেন তালুকদারের 'বাংলাদেশ ঘুরে বেড়ানো।'

যারা পেইন্টিং ভালোবাসেন তাদের জন্য ঢাকা বইমেলায় ছোট্ট একটি আয়োজন আছে। শিল্পকলা একাডেমীর স্টলে পাওয়া যাচ্ছে এদেশের বিখ্যাত সব শিল্পীদের অরিজিন্যাল কাজের পোস্টার। জয়নুল আবেদিন, কামরুল হাসান, এস এম সুলতান, আমিনুল ইসলাম, মোহাম্মদ কিবরিয়া, মর্তুজা বশীর, রশিদ চৌধুরী প্রমুখ শিল্পীদের জলরং, তেলরঙের কাজগুলো ঝকঝকে ছাপা হয়েছে অফসেট কাগজে।